[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ ভ্যাট অনুবিভাগ ]

সাধারণ আদেশ নং- ০৫/মূসক/২০২০

তারিখঃ ০১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ।
১৫ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন দেশী বিদেশী প্রতিষ্ঠান হইতে ব্যবসায়ী পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আহরণ।**

জাতীয় রাজস্ব বোর্ড এই মর্মে অবহিত হইয়াছে যে, আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের মূসক আদায় নিয়ে মাঠ পর্যায়ে জটিলতা তৈরি হইয়াছে। উল্লেখ্য যে, এই যাবৎকাল চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ মেলায় অংশগ্রহণের নিমিত্ত সাময়িক মূসক নিবন্ধন করিত এবং মেলায় বিক্রিত পণ্যের বিপরীতে প্রদেয় মূসক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর কোডে জমা প্রদান করা হইত। কিন্তু ১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ হইতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ কার্যকর হয়। উক্ত আইনের ধারা-৫ এর উপ-ধারা (৩) এ কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ব্যক্তির কেন্দ্রীয় এক ইউনিট হইতে অপর ইউনিটে পণ্য বা সেবার আদান-প্রদান বা চলাচল সরবরাহ বলিয়া গণ্য হইবে না এবং ফলশ্রুতিতে উৎপাদ কর দায় বা উপকরণ কর রেয়াত উদ্ভুত না হওয়ার বিষয়টি উল্লেখ রহিয়াছে। ফলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯ এর আওতায় কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠান মেলায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক হইলে সেইক্ষেত্রে মেলার স্টল হইতে সরবরাহকৃত পণ্যের বিপরীতে প্রযোজ্য মূসক আদায়কল্পে কর-পরিশোধ পদ্ধতি নির্ধারণ করা প্রয়োজন। বিশেষ করিয়া, কেন্দ্রীয় নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ উপকরণ কর এবং আগাম কর তাদের সকল ইউনিটের সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য মূসকের বিপরীতে কেন্দ্রীয় ইউনিটে রেয়াত গ্রহণ কিংবা হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিয়া থাকেন বিধায় একই প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিভিন্ন কমিশনারেটে রাজস্ব প্রদান করা হইলে তাহা পরবর্তীতে Revenue Reconciliation এ জটিলতা তৈরি করিবে। এতদ্‌প্রেক্ষিতে, বিষয়টি স্পষ্ট করিবার লক্ষ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণকারী দেশী বিদেশী প্রতিষ্ঠান হইতে ব্যবসায়ী পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আহরণকল্পে নিম্নরূপ নির্দেশনা প্রদান করিল, যথা:-

(ক) চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক সকল প্রতিষ্ঠানকে মেলার স্টলের জন্য পৃথকভাবে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম হইতে মেলা চলাকালীন সময়ের জন্য সাময়িক মূসক নিবন্ধন গ্রহণ করিতে হইবে এবং এই স্টল মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯ এর আওতায় কেন্দ্রীয় নিবন্ধনের অন্তর্ভুক্ত করা যাইবে না অর্থাৎ বাংলাদেশের যে কোন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর আওতায় কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠান বাণিজ্য মেলায় অংশগ্রহণ করিলে মেলার স্টলের জন্য পৃথকভাবে সাময়িক নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) মেলার স্টলের জন্য যেহেতু পৃথক সাময়িক নিবন্ধন গ্রহণ করিতে হইবে সেহেতু, সাধারণভাবে কেন্দ্রীয় নিবন্ধিত কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান মেলাতে কোন আউটলেট বা স্টল স্থাপন করিলে উক্ত আউটলেট বা স্টলে প্রদর্শনী বা বিক্রয়ের জন্য উহার উৎপাদনস্থল বা ব্যবসায়স্থল হইতে পণ্য সরবরাহের সময় কর চালানপত্র ফরম মূসক-৬.৩ এর মাধ্যমে সরবরাহ করিতে হইবে এবং সরবরাহ মূল্যের বিপরীতে প্রযোজ্য হারে মূসক কেন্দ্রীয় নিবন্ধন প্রদানকারী মূল কমিশনারেটের কোডে জমা প্রদান করিতে হইবে;

(গ) কেন্দ্রীয় নিবন্ধিত এইরূপ প্রতিষ্ঠানসমূহ মেলার স্টল হইতে ক্রেতা/চূড়ান্ত ভোক্তার নিকট পণ্য সরবরাহের ক্ষেত্রে মেলার স্টলের অনুকূলে ইস্যুকৃত সাময়িক নিবন্ধন নম্বরের বিপরীতে ব্যবসায়ি পর্যায়ে প্রযোজ্য মূসক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা

প্রদান করিতে হইবে। অর্থাৎ, উহা উৎপাদন পর্যায়ে প্রযোজ্য মূসকের অতিরিক্ত হইবে। তবে এই ক্ষেত্রে যদি মেলায় প্রকৃত সরবরাহের পরিবর্তে, কেবলমাত্র অগ্রিম মূল্য গ্রহণ বা বুকিং মানি নেওয়া হয়, সেই ক্ষেত্রে উক্ত অগ্রিম/বুকিং মানির বিপরীতে ব্যবসায়ি পর্যায়ের প্রযোজ্য মূসক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর কোডে পরিশোধ করিতে হইবে;

(ঘ) সাধারণভাবে কেন্দ্রীয় নিবন্ধিত এইরূপ প্রতিষ্ঠানের মেলার স্টল হইতে যেই সকল ক্ষেত্রে অগ্রিম/বুকিং মানি গ্রহণ করা হইয়া থাকে কিন্তু মেলার স্টল হইতে ক্রেতার নিকট ডেলিভারি বা সরবরাহ প্রদান না করিয়া পরবর্তীকালে উক্ত কেন্দ্রীয় নিবন্ধিত প্রতিষ্ঠানের উৎপাদনস্থল বা কেন্দ্রীয় নিবন্ধনভূক্ত কোন সরবরাহস্থল হইতে সরবরাহ করা হইয়া থাকে সেই ক্ষেত্রে সরবরাহের সময় কর চালানপত্র ফরম মূসক-৬.৩ এর মাধ্যমে সরবরাহ করিতে হইবে যাহাতে মেলার অগ্রিম/বুকিং রেফারেন্স উল্লেখ থাকিতে হইবে এবং সরবরাহ মূল্যের বিপরীতে প্রযোজ্য হারে মূসক কেন্দ্রীয় নিবন্ধন প্রদানকারী মূল কমিশনারেটের কোডে জমা প্রদান করিতে হইবে;

(ঙ) সাময়িক নিবন্ধন গ্রহণ করিয়াছে মেলায় অংশগ্রহণকারী এইরূপ সকল প্রতিষ্ঠান মেলা শেষে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এ রিটার্ন দাখিল করিতে হইবে;

(চ) মেলায় অংশগ্রহণে ইচ্ছুক বিদেশী স্টলসমূহকেও মেলায় অংশগ্রহণের লক্ষ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম হইতে মেলা চলাকালীন সাময়িক নিবন্ধন গ্রহণ করিতে হইবে এবং মেলার স্টল হইতে পণ্য/সেবা সরবরাহের বিপরীতে প্রযোজ্য মূসক যথারীতি পরিশোধ করিয়া কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর কোডে জমা প্রদান করিতে হইবে। এইরূপ স্টলের কর আদায়, দাখিলপত্র গ্রহণ, দাখিলপত্র পর্যালোচনা এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্যক্রম কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম আইন ও বিধির আলোকে পরিবীক্ষণ করিবে;

(ছ) মেলা শেষে বিভিন্ন স্টলে অবিক্রীত পণ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-৪০ অনুযায়ী ক্রেডিট নোট ইস্যুপূর্বক উক্ত পণ্য ব্যবস্থিত করিতে পারিবেন;

(জ) মেলা শেষ হইবার পরবর্তী মাসে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম সাধারণভাবে কেন্দ্রীয় নিবন্ধিত এইরূপ প্রতিষ্ঠানসমূহের মেলার স্টল হইতে পণ্য সরবরাহ বা বিক্রয় সংক্রান্ত তথ্যাদি, যথা:- পণ্যমূল্য, অগ্রিম বা বুকিং মানির তথ্য, বুকিং গ্রহণ সম্পর্কিত তথ্য, ব্যবসায়ী পর্যায়ে পরিশোধিত মূসক ইত্যাদির একটি বিবরণী সংযুক্ত **"ছক"** এ নিয়ন্ত্রণকারী মূল কমিশনারেটে প্রেরণ করিতে হইবে; এবং

(ঝ) মেলায় অংশগ্রহণকারী যেই সকল প্রতিষ্ঠান সাধারণভাবে কেন্দ্রীয় নিবন্ধনের আওতাভুক্ত নয়, তাদের ক্ষেত্রে মেলার স্টল হইতে পণ্য/সেবা সরবরাহের ক্ষেত্রে প্রাপ্য বা প্রাপ্ত সম্পূর্ণ সরবরাহ মূল্যের বিপরীতে প্রযোজ্য সমুদয় মূসক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর কোডে জমা প্রদান করিতে হইবে।

০৩। এই আদেশ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক অনুযায়ী জারি করা হইলো এবং চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২০ হইতে ব্যবসায়ী পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আহরণের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

"ছক"

## চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলা- ২০ -----

প্রতিষ্ঠানের নাম: -----------------------------------------------------------------

স্টল নং: -----------------------------------------------------------------

মেলার সাময়িক মূসক নিবন্ধন নং: -----------------------------------------------------------------

মূসক নিবন্ধন নং (প্রযোজ্য ক্ষেত্রে): -----------------------------------------------------------------

অধিক্ষেত্রাধীন কমিশনারেটের নাম: -----------------------------------------------------------------

| ক্রমিক নং | সরবরাহকৃত পণ্য/সেবার বর্ণনা | আর্টিকেল নং/ রেফারেন্স নং (প্রযোজ্য ক্ষেত্রে) | পণ্য সরবরাহ/বুকিং গ্রহণের তারিখ (যাহা প্রযোজ্য) | পরিমাণ | একক মূল্য | মোট মূল্য | মেলায় পরিশোধিত মূল্য | প্রদেয় মূসক |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |
| | | | | | | | | |

প্রতিষ্ঠান প্রতিনিধির নামঃ

পদবীঃ

স্বাক্ষর ও সীলঃ

কর্মকর্তার নামঃ

পদবীঃ

স্বাক্ষর ও সীলঃ

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

১৫।৩।২০২০

**(কাজী ফরিদ উদ্দীন)**

প্রথম সচিব (মূসক-নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**( তাঁহাকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো )**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০১.১৫/ ১৮৫ (৩৮) তারিখঃ ১৫ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

৩-৯। সদস্য (শুল্ক নীতি)/(মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নিরীক্ষা)/(শুল্ক: রপ্তানি, বন্ড ও আইটি)/(শুল্ক নিরীক্ষা, আধুঃ ও আন্তঃ বাণিজ্য)/(শুল্ক ও ভ্যাট প্রশাসন)/ জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১০। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা (তাঁকে চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলা হইতে মূসক আহরণকল্পে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ও মূসক কর্মকর্তাগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধসহ)

১১-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

২৩-২৮। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।

২৯-৩২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।

৩৩। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।

৩৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

৩৫। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৩৬। মহাপরিচালক, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

৩৭। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩৮। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩৯-৪০। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন ও আইটি)/(শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৫/০৩/২০

**(মোঃ তারেক হাসান)**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)